

নম্বর : ০৫.৪১.৩৩৩৪.০০০.২৪.০০৫.২১- ১০৭১

তারিখ : ২৪ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সংযোগ শাখার স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১২.১৮.০০৭.২২.৩০১, তারিখ : ১৬ নভেম্বর ২০২৪ খ্রি. অনুসারে এতদ্বারা গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলার সর্বস্তরের জনগণকে অবগত করা যাচ্ছে যে, আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখে সারাদেশের ন্যায় কালীগঞ্জ উপজেলাতেও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক '৪র্থ অর্থনৈতিক শুমারি ২০২৪' বাস্তবায়িত হতে যাচ্ছে। ব্যুরো কর্তৃক নিয়োগকৃত শুমারিকর্মীগণ পরিচয়পত্র সাথে নিয়ে ডিজিটাল পদ্ধতিতে ট্যাবের মাধ্যমে উপজেলার সকল স্থায়ী/অস্থায়ী প্রতিষ্ঠান (সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত অফিস, হাটবাজার, মার্কেট/শপিং সেন্টার, দোকানপাট, ব্যাংক, শিক্ষা প্রতিষ্ঠান, কারখানা, কোম্পানি, এনজিও, ক্লাব, হল, হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার, মসজিদ/মন্দির/গির্জা/প্যাগোডা ইত্যাদি), প্রাতিষ্ঠানিক কৃষি খামার এবং কৃষি বহির্ভূত অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানায় (পরিবার) ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলি, জনবল, সম্পদ এবং মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত বিভিন্ন তথ্য সংগ্রহ করবেন। নতুন, বৈষম্যহীন বাংলাদেশের প্রেক্ষিত ও পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ইত্যাদি প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে অর্থনৈতিক ইউনিটের অবকাঠামোগত উন্নয়ন ও বিদ্যমান সমস্যা নিরূপণ করে সমাধানের মহাপরিকল্পনা গ্রহণ এবং বিজনেস রেজিস্টার প্রণয়নে এ শুমারির গুরুত্ব অপরিসীম। শুমারিতে প্রদত্ত সকল ব্যক্তিগত তথ্য গোপন রাখা হবে। পরিসংখ্যান আইন ২০১৩ ও শুমারি আইন ১৯৭২ অনুসারে, দেশের সকল খানা ও প্রতিষ্ঠানসহ যে কোনো স্থানে শুমারিকর্মীর প্রবেশাধিকার রয়েছে এবং খানায় বসবাসকারী ও প্রতিষ্ঠানে কর্মরত দায়িত্ববান সকল ব্যক্তি তথ্য প্রদানে বাধ্য। তথ্য সংগ্রহে অসহযোগিতা ও তথ্য প্রদানে অপারগতা আইনত দণ্ডনীয় অপরাধ।

এমতাবস্থায় শুমারিকর্মীদেরকে তথ্য দিয়ে রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ এ তথ্য সংগ্রহ কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

তনিমা আফ্রাদ

উপজেলা নির্বাহী অফিসার

কালীগঞ্জ, গাজীপুর

মোবাঃ ০১৭৮৩৮৬৯০৩০

✉ unokaliganjgazipur@mopa.gov.bd

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):-

- ১) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
- ২) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ঢাকা
- ৩) সহকারী কমিশনার (ভূমি), কালীগঞ্জ, গাজীপুর
- ৪) উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, গাজীপুর
- ৫) অফিসার ইনচার্জ, কালীগঞ্জ থানা, কালীগঞ্জ, গাজীপুর
- ৬) উপজেলা..... কর্মকর্তা (সকল), কালীগঞ্জ, গাজীপুর
- ৭) ডেপুটি জেনারেল ম্যানেজার, কালীগঞ্জ জোনাল অফিস, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, কালীগঞ্জ, গাজীপুর
- ৮) সভাপতি/সাধারণ সম্পাদক, কালীগঞ্জ প্রেসক্লাব, কালীগঞ্জ, গাজীপুর
- ৯) সভাপতি/সাধারণ সম্পাদক, বাজার/ব্যবসায়ী/বণিক সমিতি (সকল), কালীগঞ্জ, গাজীপুর
- ১০) সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কালীগঞ্জ, গাজীপুর
- ১১) অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার/মুহতামিম (সকল), কলেজ/স্কুল অ্যান্ড কলেজ/মাধ্যমিক/প্রাথমিক বিদ্যালয়/মাদ্রাসা, কালীগঞ্জ, গাজীপুর
- ১২) শাখা ব্যবস্থাপক (সকল), তফসিলি ব্যাংকসমূহ, কালীগঞ্জ, গাজীপুর
- ১৩) ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী/তত্ত্বাবধায়ক (সকল), বেসরকারি প্রতিষ্ঠান ও এনজিও, কালীগঞ্জ, গাজীপুর
- ১৪) পৌর নির্বাহী কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা, কালীগঞ্জ পৌরসভা, কালীগঞ্জ, গাজীপুর
- ১৫) চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান/ইউপি প্রশাসনিক কর্মকর্তা (সকল), ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর
- ১৬), কালীগঞ্জ, গাজীপুর
- ১৭) অফিস নথি/নোটিশ বোর্ড/ওয়েবপোর্টাল